সমকাল

তারিখ ... 10 MAR 2015
পৃষ্ঠা ২৭ ... কলাম ...

# খুলনায় কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনে সংসদে বিল

■ সমকাল প্রতিবেদক

কৃষিবিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে অগ্রসরমান বিশ্বের সঙ্গে সঙ্গতি রক্ষা, সমতা অর্জন এবং জাতীয় পর্যায়ে কৃষি বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ সৃষ্টির লক্ষ্যে খুলনা জেলায় কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় সংসদে বিল উত্থাপন করা হয়েছে। গতকাল সোমবার 'খুলনা কৃষি বিশ্ববিদ্যালয় বিল-২০১৫' সংসদে উত্থাপন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

প্রস্তাবিত আইনের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে শিক্ষামন্ত্রী বলেন, কৃষি বিষয়ে উচ্চতর শিক্ষার প্রসার এবং কৃষির-সঙ্গে সম্পৃক্ত আনুষঙ্গিক বিষয়ে উন্নত শিক্ষাদান, গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর এবং দেশীয় কৃষি উৎপাদন বৃদ্ধির স্বার্থে বিশ্বমানের প্রযুক্তির ব্যাপক সম্প্রসারণের জন্য প্রধানমন্ত্রীর ঘোষণার আলোকে খুলনা অঞ্চলে একটি কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া হয়েছে। বিলে বলা হয়েছে, চ্যান্সেলর, তার দ্বারা নির্ধারিত কৃষিবিজ্ঞান ও কৃষি গবেষণার সঙ্গে সম্পৃক্ত এমন একজন কৃষিবিদকে চার বছরের জন্য ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ দান করবেন। একজন একাদিক্রমে বা অন্য কোনোভাবে দুই মেয়াদের বেশি এই পদে নিয়োগ পাবেন না বলেও বিধান রাখা হয়েছে।